

## Model Activity Task 2021 October

### Model Activity Task Part –7| Class-5 | Health & Physical Education

#### মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | অক্টোবর পঞ্চম শ্রেণী| স্বাস্থ্য ও শারীর শিক্ষা | পার্ট -৭

#### আগুন

১। শূন্যস্থান পূরণ কর :  $১ \times ৬ = ৬$

(ক) আগুন

যে কোন স্থানেই আগুন লাগলে

\_\_\_\_\_ সৃষ্টিকরে,

দাউ দাউ জ্বলে আগুনের শিখা

থাকা যায় না তো ঘরে।

**উত্তর: ভীতির**

(খ) আগুন

অযথা দৌড়াদৌড়ি না করে

নেমে এসো রাস্তায়,

নিকটবর্তী \_\_\_\_\_

খবর পৌছে যায়।

**উত্তর: দমকলে**

(গ)

আগুন

\_\_\_\_\_ গন্ধ যদি নাকে আসে

হতে হবে সাবধান,

দ্রুততার সাথে বন্ধ করবে  
গ্যাসেরই তো নবখান।

### উত্তরঃ গ্যাসের

(ঘ) শাড়ির \_\_\_\_\_  
খাবার নামালে  
বিপদ হতেই পারে,  
সাঁড়াশিটা কাছে রাখতেই হবে  
ঠিকমত ব্যবহারে।

### উত্তরঃ আঁচল

(ঙ) আগুন  
গ্যাসের গন্ধ পেলেই দরজা  
\_\_\_\_\_ দাও খুলে,

### উত্তরঃ জালনাটা

(চ) আগুন  
ছকিং করাটা বড়ো \_\_\_\_\_  
তেমনি ভয়ঙ্কর,  
অসাবধানেতে আগুন লাগলে  
পুড়ে যাবে বাড়িঘর।

### উত্তরঃ অপরাধ

২। নীচের ছবিগুলি শনাক্ত করে ছবির বক্তব্য কয়েকটি বাক্যে বর্ণনা কর।  $৩ \times ৩ = ৯$

(ক)

উত্তরঃ গ্যাসের গন্ধ যদি নাকে আসে তাহলে সাবধান হতে হবে। গ্যাস নব বন্ধ আছে কিনা পরীক্ষা করতে হবে, আর গ্যাসের নব বন্ধ না থাকলে দ্রুততার সঙ্গে তা বন্ধ করতে হবে। এছাড়া যদি সন্দেহ হয় যে গ্যাস লিক হচ্ছে তাহলে গ্যাস সরবরাহকারীকে খবর দিতে হবে।

(খ)

উত্তরঃ জ্বলন্ত স্টোভে কেরোসিন তেল ঢালার বিপদ রয়েছে। কারণ একবার যদি কেরোসিন তেলে আগুন লেগে দাউদাউ করে জ্বলে ওঠে, তাহলে মারাত্মক বিপদ হতে পারে। তাই স্টোভ যদি জ্বলন্ত অবস্থায় থাকে তাহলে সেই মুহূর্তে ভুল করেও কেরোসিন ঢালা যাবে না। স্টোভ যখন বন্ধ থাকে তখন তেল ঢালা উচিত।

(গ)

উত্তরঃ ঘরে মোমবাতি বা কুপি ব্যবহারের সময় সাবধান হতে হবে। কারণ কার্বন মনোক্সাইড গ্যাসে ঘর ভরে গেলে সেই ঘরে থাকা ব্যক্তির প্রাণও চলে যেতে পারে। তাই মোমবাতি বা কুপি জ্বালানো থাকলে ঘরে বায়ু চলাচলের ব্যবস্থা থাকা দরকার কিংবা জানলা খুলে রাখতে হবে, যাতে মনোক্সাইড গ্যাস বাইরে বেরিয়ে যেতে পারে।